অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/8/2022 **গভর্নর ক্যাথি হোকল**

ওনেইডা কাউন্টিতে গভর্নর হোকল 41 মিলিয়ন ডলারের সাশ্রয়ী আবাসন উন্নয়নের নির্মাণ কাজ শুরু হওয়ার ঘোষণা করেছেন

কলোনিয়াল II অ্যাপার্টমেন্টসের আপগ্রেডগুলি রোম শহরে বয়স্কদের এবং অক্ষমতা সহ মানুষদের জন্য 74টি গৃহ সংরক্ষণ এবং উন্নত করবে

বিলদয়ংস অফ এক্সেলেন্স প্রতিযোগিতার মাধ্যমে 1 মিলিয়ন ডলার প্রদান করা হয়েছে প্রকল্পটিকে নেট-জিরো কার্বন নির্গমন অর্জন করার জন্য

গভর্নরের 25 বিলিয়ন ডলারের পাঁচ-বছর মেয়াদী সমন্বিত আবাসন পরিকল্পনার অংশ

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে ওনেইডা কাউন্টির রোম শহরে কলোনিয়াল II অ্যাপার্টমেন্টসের পুনর্বাসন এবং আধুনিকীকরণের জন্য 41 মিলিয়ন ডলারের নির্মাণ কাজ শুরু হয়েছে। প্রকল্পটি 74 জন বয়স্কদের জন্য ক্রয়ক্ষমতা সংরক্ষণ করবে এবং নতুন উচ্চ শক্তি-দক্ষ ডিজাইন নেট-শূন্য কার্বন নির্গমন অর্জন করবে বলে আশা করা হয় এবং বাসিন্দাদের জন্য সামগ্রিক ইউটিলিটির খরচ কমাতে সাহায্য করবে।

"আমরা নিউ ইয়র্ককে আরো সমতাপূর্ণ করার জন্য চেষ্টা করার এই সময়ে, আমাদের ঝুঁকিপূর্ণ নিউ ইয়র্কবাসীদের সাশ্রয়ী মূল্যের আবাসনের অ্যাক্সেস প্রদান করা গুরুত্বপূর্ণ যা তাদের উন্নতির জন্য প্রয়োজন," **বলেছেন গভর্নর হোকল।** "এই সাশ্রয়ী মূল্যের আবাসন উন্নয়ন প্রকল্প রোমের বয়স্ক ব্যক্তিদের এবং প্রতিবন্ধী ব্যক্তিদের একটি আধুনিক এবং উচ্চ শক্তি-দক্ষ বিল্ডিং প্রদান করবে যা তাদের জীবনযাত্রার মান উন্নত করবে, তারা যে সম্প্রদায়কে বাড়ি বলেন তাকে শক্তিশালী করবে এবং নিউ ইয়র্কের দীর্ঘমেয়াদী জলবায়ু লক্ষ্য অর্জনে সহায়তা করবে।"

কলোনিয়াল II অ্যাপার্টমেন্টস হলো গভর্নর হোকলের রাজ্যব্যাপী পরিকল্পনার অংশ আবাসনকে আরো বেশি সাশ্রয়ী, সমতাপূর্ণ ও স্থিতিশীল করার জন্য। সম্প্রতি প্রণীত স্টেট বাজেটে, গভর্নর একটি নতুন 25 বিলিয়ন ডলারের, পাঁচ বছরের, ব্যাপক আবাসনের পরিকল্পনা সফলভাবে সুরক্ষিত করেছেন যা নিউ ইয়র্ক জুড়ে 100,000টি সাশ্রয়ী মূল্যের বাড়ি তৈরি বা সংরক্ষণ করে আবাসনের সরবরাহ বৃদ্ধি করবে, যার মধ্যে 10,000 টি হবে দুর্বল জনগোষ্ঠীর জন্য সহায়তা পরিষেবা সহ এবং অতিরিক্ত 50,000 বাড়িতে বিদ্যুতায়নের ব্যবস্থা করা।

কলোনিয়াল II অ্যাপার্টমেন্টস রোমের 310 কটেজ স্ট্রিটে অবস্থিত এবং রোম হাউজিং অথরিটির (Rome Housing Authority) মালিকানাধীন এবং তার দ্বারা পরিচালিত। কমপ্লেক্সটি গণ পরিবহনের মাধ্যমে অ্যাক্সেসযোগ্য এবং মুদির কেনাকাটা, একটি ফার্মেসি, চিকিৎসা সুবিধা এবং পাবলিক পার্কের কাছাকাছি অবস্থিত।

সাত তলা ভবনটি মূলত 1972 সালে একটি স্কুল এবং ডরমিটরি হিসাবে খোলা হয়েছিল এবং 1984 সালে গণ অবসনে রূপান্তরিত হয়েছিল। এই গুরুত্বপূর্ণ পুনর্বাসনের আগে ভবনটি কখনই আপগ্রেড করা হয়নি এবং কার্যকরীভাবে অপ্রচলিত হয়ে পরেছে।

সংস্কারগুলি অ্যাপার্টমেন্টের আকারগুলিকে পুনরায় কনফিগার করবে, যা বর্তমানে কার্যকর থাকার পক্ষে খুব ছোট। সম্পূর্ণ হলে, ভবনটি বয়স্ক এবং প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য 74টি এক-বেডরুমের অ্যাপার্টমেন্ট প্রদান করবে, যেখানে সাম্প্রদায়িক স্থান, লন্ড্রির সুবিধা এবং বিনোদনের জন্য একটি বহিরঙ্গন উঠানের সুবিধা থাকবে। রোম হাউজিং অথরিটি (Rome Housing Authority, RHA) সাইটে একজন পূর্ণ-সময়ের রক্ষণাবেক্ষণ সুপারিনটেনডেন্ট নিয়োগ করবে।

একক গ্রাউন্ড সোর্স হিট পাম্পের সাথে সংযুক্ত অনসাইট জিওথার্মাল কূপগুলি থেকে উত্তাপ এবং শীতলীকরণ পরিষেবা ব্যবহার করে নেট-শূন্য কার্বন নির্গমন অর্জনের জন্য ভবনটি পুনরায় ডিজাইন করা হবে, তাজা বাতাস প্রদান করতে এবং বাসি বাতাস নিষ্কাশন করার জন্য একক শক্তি পুনরুদ্ধারের ভেন্টিলেটর প্রদান করা হবে, একটি রিসার্কুলেশন লুপ সহ কেন্দ্রীয় তাপের পাম্প গরম জলের হিটার প্রদান করা হবে, এবং ভবনের বার্ষিক বিদ্যুৎ উৎপাদনের 98 শতাংশ কভার করার জন্য একটি বিশাল সৌর ফটোভোলটাইক অ্যারে প্রদান করা হবে। এই প্রকল্পের পুনর্বাসনের মধ্যে বিদ্যমান ভবনের বাইরের দেয়ালগুলিকে একটি অত্যন্ত দক্ষ, এবং সাশ্রয়ী বাহ্যিক জানালা এবং প্রাচীর প্যানেলের সিস্টেম দ্বারা প্রতিস্থাপন করা অন্তর্ভুক্ত। এই নতুন প্যানেলগুলি একটি শক্তিশালী এবং আরও টেকসই বহিরাঙ্গন প্রদান করবে যা শক্তির খরচ কমাতে সাহায্য করবে।

বিকাশকারীরা হলেন বিকন কমিউনিটি ডেভেলপমেন্ট এলএলসি (Beacon Communities Development LLC) এবং রোম হাউজিং অথরিটি (RHA)।

হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের (Homes and Community Renewal) কমিশনার রুথান ভিসনাউসকাস বলেছেন, "কলোনিয়াল II অ্যাপার্টমেন্টসের পুনর্বাসন হল নিউ ইয়র্কের গুরুত্বপূর্ণ গণ আবাসনের স্টক সংরক্ষণের জন্য গভর্নর হোকলের প্রতিশ্রুতির আরেকটি উদাহরণ। আমরা 74 জন প্রবীণ এবং প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য একটি স্বাস্থ্যকর এবং আরামদায়ক পরিবেশ তৈরি করতে পেরে উচ্ছ্বাসিত, এবং তার সাথে এমন একটি উন্নয়নে বিনিয়োগ করতেও যা একটি সবুজ নিউ ইয়র্ক স্টেটের দিকে নিয়ে যাবে। নেট-জিরো কার্বন নির্গমন অর্জনের জন্য নিউ ইয়র্কের প্রথম পাবলিক হাউজিং অথরিটি হিসাবে, কলোনিয়াল II অ্যাপার্টমেন্টস আমাদের ভবিষ্যতের পাবলিক হাউজিং পুনর্বাসন প্রকল্পগুলির জন্য একটি মডেল হিসাবে কাজ করবে এবং আমাদের রাজ্যের জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায়ের সুরক্ষা আইন দ্বারা নির্ধারিত উচ্চাকাঙ্ক্ষী কার্বন হ্রাসের লক্ষ্যে পৌঁছাতে সাহায্য করবে। বিকন

কমিউনিটি ডেভেলপমেন্ট এবং রোম হাউজিং অথরিটিকে ধন্যবাদ এই ভবিষ্যত-ধর্মী, শক্তি-দক্ষ প্রকল্পে তাদের অংশীদারিত্বের জন্য।"

নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটির (New York State Energy Research and Development Authority) প্রেসিডেন্ট এবং সিইও ডরিন এম হ্যারিস বলেছেন, "NYSERDA কলোনিয়াল II প্রকল্পের ভিত্তি স্থাপন এবং নির্মাণ কাজ শুরু হতে দেখে গর্বিত যা ওনেইডা কাউন্টির বয়স্ক এবং ঝুঁকিপূর্ণ বাসিন্দাদের জন্য সম্পূর্ণরূপে উদ্ভাবনী প্রযুক্তি ব্যবহার করে উচ্চ শক্তি-দক্ষ আরামদায়ক সাশ্রয়ী মূল্যের আবাসনের অ্যাক্সেসকে প্রসারিত করবে৷ সব চেয়ে উল্লেখযোগ্যভাবে, এই বিল্ডিংস অফ এক্সিলেন্স প্রকল্পটি প্রাথমিকভাবে পরিচ্ছন্ন পুনর্নবীকরণযোগ্য সৌর শক্তি দ্বারা চালিত এবং স্বাস্থ্য ও পরিবেশগত সুবিধার প্রতিনিধিত্ব করে যা সবুজ নির্মাণ প্রদান করতে পারে আমাদের সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিকে, 2030 সালের মধ্যে 2 মিলিয়ন জলবায়ু-বান্ধব গৃহ অর্জনের জন্য গভর্নর হোকলের লক্ষ্যের অধীনে।"

কলোনিয়াল II অ্যাপার্টমেন্টসের অর্থায়নে আছে স্থায়ী কর-মুক্ত বন্ডে 2 মিলিয়ন ডলার, ফেডারেল নিম্ন আয়ের আবাসনের ট্যাক্স ক্রেডিট যা 16.6 মিলিয়ন ডলার ইক্যুইটিতে তৈরি করেছে এবং নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal) থেকে ভর্তুকি বাবদ 12.5 মিলিয়ন ডলার। প্রকল্পটিকে NYSERDA এর বিল্ডিংস অফ এক্সিলেন্স প্রতিযোগিতার দ্বিতীয় রাউন্ডে 1 মিলিয়ন ডলার এবং NYSERDA-এর নতুন নির্মাণ - হাউজিং প্রোগ্রামের মাধ্যমে 296,000 ডলার পুরস্কৃত করা হয়েছিল। রোম হাউজিং অথরিটি (Rome Housing Authority) এবং বিলম্বিত ডেভেলপারের ফি এর মাধ্যমে অতিরিক্ত অর্থায়ন প্রদান করা হচ্ছে।

2019 সালে কলোনিয়াল I অ্যাপার্টমেন্টসের সংস্কারও HCR দ্বারা অর্থায়ন করা হয়ছিল। কলোনিয়াল I বয়স্ক এবং প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য 83টি সাশ্রয়ী মূল্যের গৃহ প্রদান করে।

সিনেটর চার্লস শুমার বলেছেন, "প্রত্যেক ওনেইডা কাউন্টির বাসিন্দা নিরাপদ, সাশ্রয়ী মূল্যের, শক্তি-দক্ষ আবাসনের অ্যাক্সেসের যোগ্য এবং আমি গর্বিত যে ফেডারেল নিম্ন-আয়ের হাউজিং ট্যাক্স ক্রেডিট যা আমি প্রসারিত করার জন্য কঠোর লড়াই করেছি তা রোমে বয়স্ক এবং প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য এই অ্যাপার্টমেন্টসে নতুন জীবন দান করার করেছে জন্য প্রয়োজনীয় বহু মিলিয়ন ডলার বিনিয়োগ সরবরাহ করেছে। আমি এই প্রয়োজনীয় সাশ্রয়ী মূল্যের আবাসনের জন্য তার প্রচেষ্টার জন্য গভর্নর হোকলকে সাধুবাদ জানাই, এবং সমস্ত কেন্দ্রীয় নিউ ইয়র্কের জন্য একটি উজ্জ্বল এবং সবুজ ভবিষ্যতের ভিত্তি স্থাপনে সহায়তা করার উদ্দেশ্যে প্রয়োজনীয় প্রতিটি ডলারের ফেডারেল সহায়তা পাওয়ার জন্য লড়াই চালিয়ে যাব।"

সিনেটর কার্স্টেন গিলিব্র্যান্ড বলেছেন, "সকল নিউ ইয়র্কবাসীদের থাকার জন্য এমন একটি জায়গা থাকা উচিত যা নিরাপদ এবং সাশ্রয়ী মূল্যের। এই গুরুত্বপূর্ণ প্রকল্পটি নিশ্চিত করতে সাহায্য করবে যে ওনেইডা কাউন্টির বয়স্ক প্রাপ্তবয়স্কদের সাশ্রয়ী মূল্যের আবাসন বিকল্পগুলিতে অ্যাক্সেস রয়েছে এবং সম্প্রদায়ের চাহিদা পূরণ করা হয়েছে। সাশ্রয়ী মূল্যের আবাসনের অ্যাক্সেস

এখন আগের চেয়ে অনেক বেশি অপরিহার্য এবং আমি সর্বদা আমাদের সম্প্রদায়গুলির প্রয়োজনীয় সংস্থানগুলি আছে তা নিশ্চিত করার জন্য লড়াই করব।"

স্টেট সিনেটর জোসেফ এ. গ্রিফো বলেছেন, "আমাদের আশেপাশের এলাকা এবং সম্প্রদায়গুলি ক্রমাগত বৃদ্ধি পাওয়ার সময় এটি গুরুত্বপূর্ণ যে আমরা জনসংখ্যার সমস্ত অংশকে নিরাপদ এবং সাশ্রয়ী মূল্যের আবাসনের বিকল্পগুলি প্রদান করি। রোমে একটি বিদ্যমান বিল্ডিং পুনর্বাসন ও সংরক্ষণ করার সাথে এই প্রকল্পটি বয়স্ক এবং প্রতিবন্ধী ব্যক্তিদের আধুনিক এবং শক্তি সাশ্রয়ী আবাসনের অ্যাক্সেস প্রদান করবে।"

অ্যাসেম্বলির সদস্যা মারিয়ান বুটেনচন বলেছেন, "আমি গভর্নর এবং NYSERDA-কে ধন্যবাদ জানাতে চাই এই মহান প্রকল্পটিকে সমর্থন করার জন্য। কলোনিয়াল অ্যাপার্টমেন্টস বহু মানুষের গৃহ, এবং তাদের গৃহগুলির পুনর্বাসন এবং সংরক্ষণের খুব প্রয়োজন এবং এটি বহু বছরের ভবিষ্যতের নিরাপদ এবং আরামদায়ক জীবনযাপনের ব্যবস্থা প্রদান করবে।"

ওনেইডা কাউন্টির নির্বাহী অ্যান্থনি জে. পিসেন্টে জুনিয়র বলেছেন, "কলোনিয়াল II অ্যাপার্টমেন্টসের আধুনিকীকরণ রোমের বয়স্ক এবং প্রতিবন্ধীদের জন্য অত্যন্ত প্রয়োজনীয় গণ আবাসন সংরক্ষণ এবং উন্নত করবে৷ এই ধরণের প্রথম নেট-জিরো কার্বন প্রকল্পটি শক্তি দক্ষতার জন্য একটি মডেল হবে। আমি রোম হাউজিং কর্তৃপক্ষকে তার ভিশনের জন্য প্রশংসা করি এবং এটি বাস্তবায়নের উদ্দেশ্যে তহবিলের জন্য নিউ ইয়র্ক স্টেটকে ধন্যবাদ জানাই।"

বিকন কমিউনিটির সিইও ডারা কোভেল বলেছেন, "এই উদ্ভাবনী প্রকল্পটি একটি উদাহরণ প্রদান করে যে কিভাবে স্থায়িত্ব এবং সাশ্রয়ী মূল্যের আবাসন উন্নয়ন এবং পুনঃউন্নয়ন এক সাথে কাজ করতে পারে এবং করা উচিত৷ আমাদের সরকারী এবং বেসরকারী খাতের অংশীদারদের সহায়তায়, বিকন রাজ্যের উচ্চাকাঙ্খী জলবায়ু পরিবর্তন লক্ষ্যে অবদান রাখতে সক্ষম হবে এবং স্থানীয় অর্থনীতিকে চাঙ্গা করার সাথে সাথে কলোনিয়াল II য়ের বাসিন্দাদের জীবনযাত্রার মান নাটকীয়ভাবে উন্নত করতে পারবে। এটি সব দিক দিয়ে এক লাভজনক পরিস্থিতি এবং একটি ব্লুপ্রিন্ট প্রতিষ্ঠা করে যা রাজ্যব্যাপী অনুসরণ করা উচিত।"

###